# বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন
# (পেট্রোবাংলা)

## "পেট্রোবাংলা ও এর অধীন কোম্পানিসমূহের ৯ম ও ১০ম গ্রেডে কর্মকর্তা নিয়োগে কেন্দ্রীয়ভাবে প্রার্থী বাছাই নীতিমালা-২০২৩"

**ডিসেম্বর, ২০২৩**

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
৩ কাওরানবাজার, ঢাকা-১২১৫

## পেট্রোবাংলা ও এর অধীন কোম্পানিসমূহের ৯ম ও ১০ম গ্রেডে কর্মকর্তা নিয়োগে কেন্দ্রীয়ভাবে প্রার্থী বাছাই নীতিমালা-২০২৩

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) ও এর অধীন কোম্পানিসমূহে বিভিন্ন ক্যাডারে ৯ম ও ১০ম গ্রেডে কর্মকর্তা নিয়োগের নিমিত্ত পেট্রোবাংলা নিয়োগ নীতিমালা-২০১৬ অনুসরণ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হচ্ছে। এ প্রক্রিয়ায় পেট্রোবাংলা ও এর অধীন ১৩টি কোম্পানিসমূহে নিয়োগ সম্পন্ন করতে একদিকে যেমন প্রতিষ্ঠানসমূহের পৃথক পৃথক বিপুল পরিমাণ অর্থ ব্যয় ও সময়ক্ষেপণ হচ্ছে, অপরদিকে প্রার্থীদেরও আলাদা আলাদা আবেদন ও পরীক্ষায় অংশগ্রহণ বাবদ বহুগুণ অর্থ ও সময় ব্যয় হচ্ছে। এ সকল বিষয় পরিহারের লক্ষ্যে পেট্রোবাংলা ও এর অধীন কোম্পানিসমূহে একই নিয়োগ প্রক্রিয়ার আওতায় প্রার্থী বাছাই করা হলে স্বল্পতম সময়ে পেট্রোবাংলাসহ সকল কোম্পানিতে নিয়োগ সম্পাদন সহজতর হবে। তাছাড়া প্রার্থীর অপশন ভিত্তিক পছন্দক্রম প্রদানের সুযোগ থাকায় চাকুরী ছাড়ার প্রবণতা হ্রাস পাবে ও বেশি সংখ্যক প্রার্থীর চাকুরীর সুযোগ সৃষ্টি হবে।

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন আইন, ২০২২ এর ৭ (ঢ) এবং ২৫ নম্বর ধারা মোতাবেক পেট্রোবাংলা ও এর অধীন কোম্পানিসমূহের ৯ম ও ১০ম গ্রেডে সরাসরি কর্মকর্তা নিয়োগে পেট্রোবাংলার মাধ্যমে কেন্দ্রীয়ভাবে প্রার্থী বাছাই সম্পাদনের লক্ষ্যে নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো:

১। **শিরোনাম।-** এই নীতিমালা "বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) ও এর অধীন কোম্পানিসমূহে বিভিন্ন ক্যাডারে ৯ম ও ১০ম গ্রেডে কর্মকর্তা নিয়োগে কেন্দ্রীয়ভাবে প্রার্থী বাছাই নীতিমালা, ২০২৩" নামে অভিহিত হবে।

২। **কেন্দ্রীয় সিলেকশন কমিটি গঠন:** পেট্রোবাংলা ও কোম্পানিসমূহের ৯ম ও ১০ম গ্রেডে প্রশাসন, অর্থ ও কারিগরি ক্যাডারে সরাসরি কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে নিয়োগ প্রক্রিয়ার শুরু থেকে শেষ পর্যন্ত প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদনের জন্য নিম্নোক্তভাবে একটি কেন্দ্রীয় সিলেকশন কমিটি গঠন করা হবে:

| | | |
|---|---|---|
| পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা | : | আহ্বায়ক |
| পরিচালক (অর্থ), পেট্রোবাংলা | : | সদস্য |
| পরিচালক (পিএসসি), পেট্রোবাংলা | : | সদস্য |
| পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), পেট্রোবাংলা | : | সদস্য |
| পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা | : | সদস্য |
| জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর প্রতিনিধি | : | সদস্য |
| সংশ্লিষ্ট কোম্পানিসমূহের প্রতিনিধি | : | সদস্য |
| মহাব্যবস্থাপক (কারিগরি ক্যাডার), পেট্রোবাংলা | : | সদস্য |
| মহাব্যবস্থাপক (অর্থ ক্যাডার), পেট্রোবাংলা | : | সদস্য |
| মহাব্যবস্থাপক (প্রশাসন), পেট্রোবাংলা | : | সদস্য-সচিব |

কমিটি প্রশাসন, অর্থ ও কারিগরি ক্যাডারের ৯ম ও ১০ম গ্রেডে সরাসরি কর্মকর্তা নিয়োগের জন্য নিয়োগের কর্মকৌশল ও পদ্ধতি নির্ধারণসহ নিয়োগ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান অনুসরণে পেট্রোবাংলা ও কোম্পানিসমূহ হতে প্রাপ্ত চাহিদাপত্র যাচাই-বাছাই করে ক্যাডারভিত্তিক নিয়োগযোগ্য শূন্য পদ নির্ধারণ, নিয়োগ বিজ্ঞপ্তি প্রণয়ন ও প্রকাশ, গ্রহণযোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষা গ্রহণপূর্বক উপযুক্ত প্রার্থী নির্বাচন/চূড়ান্তকরণ ও নিয়োগের জন্য সুপারিশ প্রণয়ন করবে।

৩। নিয়োগ প্রক্রিয়া সম্পাদনার্থে কেন্দ্রীয় সিলেকশন কমিটি কর্তৃক নিম্নোক্ত পদ্ধতিসমূহ অনুসরণীয় হবে:

৩.১। **শূন্যপদ নির্ধারণ:**

৩.১.১। পেট্রোবাংলা ও এর অধীন কোম্পানিসমূহের ৯ম ও ১০ম গ্রেডে প্রশাসন, অর্থ ও কারিগরি ক্যাডারে কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে কেন্দ্রীয়ভাবে বাছাইয়ের জন্য সংস্থা বা স্ব স্ব কোম্পানি তাদের সর্বশেষ অনুমোদিত সাংগঠনিক কাঠামো এবং এসংক্রান্ত পেট্রোবাংলা ও সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্রের আলোকে শূন্যপদ নির্ধারণ করবে;

৩.১.২। নিয়োগযোগ্য শূন্য পদ নির্ধারণপূর্বক তা' পেট্রোবাংলা নিয়মানুযায়ী জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ছাড়পত্র গ্রহণ করবে এবং কোম্পানিসমূহ স্ব স্ব পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদন গ্রহণ করবে;

৩.১.৩। অনুমোদিত নিয়োগযোগ্য শূন্যপদ সংখ্যা পেট্রোবাংলার কেন্দ্রীয় সিলেকশন কমিটির নিকট প্রেরণ করবে;

৩.১.৪। পেট্রোবাংলা ও এর অধীন কোম্পানিসমূহ হতে প্রাপ্ত সকল শূন্য পদ ক্যাডার ও পদভিত্তিক একীভূত করে মোট সংখ্যার ভিত্তিতে পেট্রোবাংলার কেন্দ্রীয় সিলেকশন কমিটি প্রার্থী বাছাই প্রক্রিয়া শুরু করবে।

৩.২। **নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ:**

৩.২.১। পেট্রোবাংলা ও কোম্পানিসমূহের প্রশাসন/অর্থ/কারিগরি ক্যাডারের সকল শূন্য পদ আলাদাভাবে একীভূত করে ক্যাডারভিত্তিক নিয়োগযোগ্য পদসংখ্যা নির্ধারণপূর্বক চাকুরির নিয়োগ বিজ্ঞপ্তি চূড়ান্ত করবে এবং পেট্রোবাংলা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে তা প্রকাশিত হবে;

৩.২.২। নিয়োগ বিজ্ঞপ্তিতে ৯ম ও ১০ম গ্রেডে প্রশাসন, অর্থ ও কারিগরি ক্যাডারের ক্ষেত্রে সংস্থা/কোম্পানিসমূহের চাহিদাকৃত পদ ও পদের বিপরীতে প্রদানকৃত শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হবে। এ সংক্রান্তে তপশিল-১ অনুসরণযোগ্য হবে। পেট্রোবাংলা ও কোম্পানিসমূহের ওয়েবসাইটের পাশাপাশি তিনটি বহুল প্রচারিত জাতীয় পত্রিকায় (২টি বাংলা ও ১টি ইংরেজি) উক্ত নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।

৪। কমিটির নিজস্ব ব্যবস্থাপনা/টেলিটক বাংলাদেশ লিমিটেড/সরকার অনুমোদিত সমমানের অন্য প্রতিষ্ঠান-এর মাধ্যমে অনলাইনে আবেদনপত্র গ্রহণ এবং যোগ্যতা অনুযায়ী আবেদন যাচাই-বাছাইয়ের কার্যক্রম সম্পাদন করতে হবে। আবেদনের সাথে প্রার্থী হতে সরকার নির্ধারিত হারে ফি গ্রহণ করা যাবে। আবেদনপত্রে প্রার্থীদের পেট্রোবাংলা ও পেট্রোবাংলার অধীন ১৩টি কোম্পানি অর্থাৎ মোট ১৪টি প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রম বাছাইয়ের ব্যবস্থা রাখতে হবে।

৫। পেট্রোবাংলা ও এর অধীন কোম্পানিসমূহের ৯ম ও ১০ম গ্রেডে প্রশাসন, অর্থ ও কারিগরি ক্যাডারে কেন্দ্রীয়ভাবে কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে গ্রহণযোগ্য চাকুরিপ্রার্থীদের যোগ্যতা যাচাইয়ের জন্য কমিটি তার নিজস্ব ব্যবস্থাপনায় অথবা সার্বিক তত্ত্বাবধানে বুয়েট/আইবিএ অথবা এরূপ পেশাগত ও নিরপেক্ষ স্বনামধন্য কোন প্রতিষ্ঠানের মাধ্যমে লিখিত পরীক্ষা গ্রহণ করতে হবে।

৬। প্রতিটি ক্যাডারে (প্রশাসন/অর্থ/কারিগরি) ৯ম ও ১০ম গ্রেডের কর্মকর্তার পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য থেকে সর্বাধিক ৬জন প্রার্থী ১:৬ অনুপাতে অর্থাৎ ১টি পদের বিপরীতে সর্বাধিক ৬জন প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহ্বান করতে হবে। প্রার্থীর সংখ্যা ২ এর কম হবে না।

৭। লিখিত পরীক্ষা শেষে উক্ত পরীক্ষা গ্রহণকারী প্রতিষ্ঠানের নিকট হতে প্রতি পদের বিপরীতে মোট ০৩টি খামে সীলগালা অবস্থায় ফলাফল গ্রহণ করা হবে, যার বর্ণনা নিম্নরূপ:

৭.১। ১ম খামে নিয়োগ বিজ্ঞপ্তি/কার্যাদেশ-এ উল্লিখিত শূন্যপদের বিপরীতে ১:৬ হারে উত্তীর্ণ শীর্ষ পরীক্ষার্থীদের ফলাফল শুধুমাত্র রোল নম্বরের ক্রমানুসারে হবে (মেধাক্রম, প্রাপ্ত নম্বর ও নাম ব্যতীত), যা পত্রিকা ও ওয়েবসাইটে প্রকাশিত হবে। উল্লেখ্য, শেষোক্ত উত্তীর্ণ প্রার্থীর নম্বর একাধিক প্রার্থী পেলে তাদের সকলকে উক্ত তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে;

৭.২। ২য় খামে নিয়োগ বিজ্ঞপ্তি/কার্যাদেশ-এ উল্লিখিত শূন্যপদের বিপরীতে ১:৬ হারে উত্তীর্ণ শীর্ষ পরীক্ষার্থীদের ফলাফল রোল নম্বরের ভিত্তিতে নাম, প্রাপ্ত নম্বর ও মেধাক্রম সহকারে হবে;

৭.৩। ৩য় খামে লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী সকল প্রার্থীদের ফলাফল রোল নম্বর-এর ক্রমভিত্তিক নাম, প্রাপ্ত নম্বর ও মেধাক্রম সহকারে হবে।

৮। কেন্দ্রীয় সিলেকশন কমিটি ১ম খামে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করবে এবং মৌখিক পরীক্ষার জন্য প্রস্তুতি গ্রহণ করবে। মৌখিক পরীক্ষা সম্পন্নের পর চূড়ান্ত ফলাফল প্রণয়নের সময় ২য় ও ৩য় খাম এর সীলগালা উন্মুক্ত করবে।

৯। **৯ম ও ১০ম গ্রেডে প্রশাসন, অর্থ ও কারিগরি ক্যাডারে কেন্দ্রীয়ভাবে সরাসরি প্রার্থীদের গুণগতমান নির্ণয়ের পদ্ধতি:**

৯.১। পূর্ণমান : ১০০ নম্বর

৯.২। সার্বিক বিবেচনায় উত্তীর্ণ হওয়ার ন্যূনতম নম্বর বা যোগ্যতা অর্জনের ন্যূনতম মান : ৫০ নম্বর

৯.৩। নম্বর বন্টন পদ্ধতি:

| | |
|---|---|
| (১) লিখিত পরীক্ষা | ৭৫ নম্বর |
| (২) শিক্ষাগত যোগ্যতা | ১৫ নম্বর |
| (৩) মৌখিক পরীক্ষা | ১০ নম্বর |
| মোট | ১০০ নম্বর |

৯.৪। প্রশাসন, অর্থ ও কারিগরি ক্যাডারে নিম্নোক্ত বিষয়সমূহের উপর মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষা হবে যার ৫০% হবে পাশ নম্বর এবং পরবর্তীতে উক্ত লিখিত নম্বর ৭৫ নম্বরের সমমানে মূল্যায়ন করা হবে।

লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক মানবন্টন হবে নিম্নরূপ:

প্রশাসন ক্যাডার (সাধারণ) (৯ম ও ১০ম গ্রেড)*

| | |
|---|---|
| বাংলা | ২৫ |
| ইংরেজী | ২৫ |
| অংক | ২৫ |
| সাধারণ জ্ঞান | ২৫ |

প্রশাসন ক্যাডার (পেশাগত) (৯ম ও ১০ম গ্রেড)

| | |
|---|---|
| বাংলা | ১৫ |
| ইংরেজী | ১৫ |
| অংক | ১৫ |
| সাধারণ জ্ঞান | ১৫ |
| পেশাগত বিষয়ক | ৪০ |

২১

অর্থ ক্যাডার (৯ম ও ১০ম গ্রেড)*

| | |
|---|---|
| বাংলা | ১৫ |
| ইংরেজী | ১৫ |
| অংক | ১৫ |
| সাধারণ জ্ঞান | ১৫ |
| হিসাব/অর্থ বিষয়ক | ৪০ |

কারিগরি ক্যাডার (৯ম ও ১০ম গ্রেড)*

| | |
|---|---|
| বাংলা | ১৫ |
| ইংরেজী | ১৫ |
| অংক | ১৫ |
| সাধারণ জ্ঞান | ১৫ |
| কারিগরি/পেশাগত বিষয়ক | ৪০ |

*বিজিএফসিএল এর ক্ষেত্রে ৯ম গ্রেডের পরিবর্তে ৮ম গ্রেড এবং ১০ম গ্রেডের পরিবর্তে ৯ম গ্রেড প্রযোজ্য হবে।

৯.৫। **শিক্ষাগত যোগ্যতা-১৫ নম্বর বিভাজন বা নম্বর বন্টনের পদ্ধতি (৯ম ও ১০ম গ্রেডের জন্য):**

(ক) **প্রশাসনিক ও অর্থ বিষয়ক পদ:**

ক.১। স্নাতকোত্তর বা ৪ বছর মেয়াদী সম্মানসহ স্নাতক পাস যোগ্যতার ক্ষেত্রে *:

| পরীক্ষার নাম | বিভাগ/শ্রেণী | | |
|---|---|---|---|
| | ১ম | ২য় | ৩য় |
| এসএসসি বা সমমান | ৩ | ২ | ১ |
| এইচএসসি বা সমমান | ৪ | ৩ | ২ |
| স্নাতক (পাস কোর্স) | ৫ | ৪ | ২ |
| স্নাতকোত্তর | ৩ | ২ | ১ |
| স্নাতক (৪ বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রি) | ৮ | ৬ | ৩ |

* ৪ বছর মেয়াদী স্নাতক শিক্ষা সমাপনী ডিগ্রির ক্ষেত্রে স্নাতকোত্তর ডিগ্রির জন্য কোন নম্বর থাকবে না।

ক.২। স্নাতক পাস যোগ্যতার ক্ষেত্রে:

| পরীক্ষার নাম | বিভাগ/শ্রেণী | | |
|---|---|---|---|
| | ১ম | ২য় | ৩য় |
| এসএসসি বা সমমান | ৩ | ২ | ১ |
| এইচএসসি বা সমমান | ৪ | ৩ | ২ |
| স্নাতক বা সমমান | ৮ | ৬ | ৩ |

(খ) **কারিগরি বিষয়ক পদের ক্ষেত্রে:**

খ.১। বিএসসি ইঞ্জিনিয়ারিং ও এমবিবিএস ডিগ্রিধারীদের ক্ষেত্রে:

| পরীক্ষার নাম | বিভাগ/শ্রেণী | | |
|---|---|---|---|
| | ১ম | ২য় | ৩য় |
| এসএসসি বা সমমান | ৩ | ২ | ১ |
| এইচএসসি বা সমমান/ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং (৪ বছর মেয়াদী) | ৪ | ৩ | ২ |
| বিএসসি ইঞ্জিনিয়ারিং/এমবিবিএস ডিগ্রি | ৮ | ৬ | ৩ |

খ.২। কারিগরি/বিজ্ঞানভিত্তিক ডিগ্রিধারীদের ক্ষেত্রে*:

| পরীক্ষার নাম | বিভাগ/শ্রেণী | | |
|---|---|---|---|
| | ১ম | ২য় | ৩য় |
| এসএসসি বা সমমান | ৩ | ২ | ১ |
| এইচএসসি বা সমমান/<br>ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং (৪ বছর মেয়াদী) | ৪ | ৩ | ২ |
| স্নাতক (পাসকোর্স) | ৫ | ৪ | ২ |
| স্নাতকোত্তর | ৩ | ২ | ১ |
| স্নাতক (৪ বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রি) | ৮ | ৬ | ৩ |

*৪ বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রির ক্ষেত্রে স্নাতকোত্তর ডিগ্রির জন্য কোন নম্বর থাকবে না।

খ.৩। ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারীদের ক্ষেত্রে*:

| পরীক্ষার নাম | বিভাগ/শ্রেণী | | |
|---|---|---|---|
| | ১ম | ২য় | ৩য় |
| এসএসসি বা সমমান | ৫ | ৪ | ২ |
| ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং (৪ বছর মেয়াদী) | ১০ | ৭ | ৪ |

*এইচএসসি থাকলে তার জন্য কোন নম্বর গণনা হবে না।

৯.৫.১। গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে সরকার/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) কর্তৃক নির্ধারিত গ্রেড/শ্রেণীর তুল্যমান অনুযায়ী নম্বর গণনা করা হবে।

৯.৫.২। বিদেশী বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (equivalence certificate)-এর ভিত্তিতে নম্বর গণনা করা হবে। এছাড়া 'ও' লেভেল এবং 'এ' লেভেলে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে ইউজিসি বা শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (equivalence certificate) এর ভিত্তিতে নম্বর গণনা করা হবে।

৯.৬। **মৌখিক পরীক্ষার-১০ নম্বর বিভাজন বা নম্বর বন্টনের পদ্ধতি (৯ম ও ১০ম গ্রেডের জন্য):**

| | |
|---|---|
| (১) ব্যক্তিত্ব ও প্রবণতা | ৩ নম্বর |
| (২) সংশ্লিষ্ট বিষয়ে জ্ঞান | ৫ নম্বর |
| (৩) সাধারণ জ্ঞান | ২ নম্বর |
| মোট | ১০ নম্বর |

১০। প্রশাসন, অর্থ ও কারিগরি ক্যাডারের ৯ম ও ১০ম গ্রেডে প্রার্থী বাছাইয়ে পদভিত্তিক মৌখিক পরীক্ষা গ্রহণের জন্য প্রার্থীর সংখ্যা হিসেবে প্রতি ক্যাডারের জন্য পৃথক পৃথক একাধিক ভাইভা বোর্ড গঠন করতে হবে। এ ক্ষেত্রে কর্মকর্তা পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের যোগ্যতা যাচাইয়ে পেট্রোবাংলার পরিচালকবৃন্দ, পেট্রোবাংলার সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রতিনিধি, পেট্রোবাংলার বিভিন্ন ক্যাডারের মহাব্যবস্থাপক ও কোম্পানির প্রতিনিধি হিসেবে ক্যাডারভিত্তিক মহাব্যবস্থাপক অন্তর্ভুক্ত থাকবে যা নিম্নরূপ:

## ক: ভাইভা বোর্ড (প্রশাসন ক্যাডারের জন্য)

| | |
|---|---|
| ১। পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা | - আহ্বায়ক |
| ২। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর প্রতিনিধি | - সদস্য |
| ৩। মহাব্যবস্থাপক (প্রশাসন ক্যাডার), কোম্পানির প্রতিনিধি (যা একাধিক হতে পারে) | - সদস্য |
| ৪। মহাব্যবস্থাপক (প্রশাসন ক্যাডার), পেট্রোবাংলা | - সদস্য-সচিব |

## খ: ভাইভা বোর্ড (কারিগরি ক্যাডারের জন্য)

| | |
|---|---|
| ১। পরিচালক (পিএসসি/অপারেশন এন্ড মাইন্স/পরিকল্পনা), পেট্রোবাংলা | - আহ্বায়ক |
| ২। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর প্রতিনিধি | - সদস্য |
| ৩। মহাব্যবস্থাপক (কারিগরি ক্যাডার), কোম্পানির প্রতিনিধি (যা একাধিক হতে পারে) | - সদস্য |
| ৪। মহাব্যবস্থাপক (কারিগরি ক্যাডার), পেট্রোবাংলা | - সদস্য-সচিব |

## গ: ভাইভা বোর্ড (অর্থ ক্যাডারের জন্য)

| | |
|---|---|
| ১। পরিচালক (অর্থ), পেট্রোবাংলা | - আহ্বায়ক |
| ২। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর প্রতিনিধি | - সদস্য |
| ৩। মহাব্যবস্থাপক (অর্থ ক্যাডার), কোম্পানির প্রতিনিধি (যা একাধিক হতে পারে) | - সদস্য |
| ৪। মহাব্যবস্থাপক (অর্থ ক্যাডার), পেট্রোবাংলা | - সদস্য-সচিব |

১১। কেন্দ্রীয় সিলেকশন কমিটি কর্তৃক প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং শিক্ষাগত যোগ্যতার নম্বর যোগ করে চূড়ান্ত মেধাতালিকা প্রণয়ন করবে। কমিটি এই মেধাতালিকা অনুসারে প্রার্থীদের প্রতিষ্ঠানের পছন্দক্রম অনুযায়ী শূন্য পদের বিপরীতে পেট্রোবাংলা ও কোম্পানিতে নিয়োগের সুপারিশ করবে। এক্ষেত্রে প্রথমে মেধাতালিকা এবং পরবর্তীতে প্রার্থীদের প্রতিষ্ঠানের পছন্দক্রমকে গুরুত্ব দেয়া হবে:

উদাহরণস্বরূপ, মেধা তালিকায় যিনি প্রথম স্থান অর্জন করেছেন, তার প্রতিষ্ঠান পছন্দক্রম অনুসারে ১ম পছন্দ পেট্রোবাংলা হলে তাকে পেট্রোবাংলায় নিয়োগের জন্য সুপারিশ করা হবে। একইভাবে দ্বিতীয় স্থান অর্জনকারী প্রার্থীর পছন্দক্রম অনুসারে ১ম পছন্দ এসজিএফএল হলে তাকে এসজিএফএল-এ নিয়োগের জন্য সুপারিশ করা হবে। এভাবে মেধা তালিকা অনুযায়ী প্রার্থীদের পছন্দক্রম অনুসারে ১ম পছন্দের প্রতিষ্ঠানে (পছন্দের প্রতিষ্ঠানে শূন্য পদ থাকা সাপেক্ষে) নিয়োগের জন্য সুপারিশ করা হবে। মেধা তালিকা অনুযায়ী কোন প্রতিষ্ঠানের সকল শূন্য পদ প্রার্থীদের দ্বারা পূরণ হওয়ার পর পরবর্তী কোন প্রার্থীর ১ম পছন্দের প্রতিষ্ঠান সেই একই প্রতিষ্ঠান হলে উক্ত প্রার্থীকে তার প্রতিষ্ঠান পছন্দক্রম অনুসারে ২য় পছন্দের প্রতিষ্ঠানে (২য় পছন্দের শূন্য পদ থাকা সাপেক্ষে) নিয়োগের জন্য সুপারিশ করা হবে। এভাবে প্রার্থীদের প্রথমে মেধা তালিকা ও পরবর্তীতে পছন্দক্রম অনুসারে বিভিন্ন প্রতিষ্ঠানে নিয়োগের জন্য সুপারিশ করা হবে।

১২। কমিটি কর্তৃক যাচাইকৃত/সুপারিশকৃত প্রার্থী তালিকা পেট্রোবাংলা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংস্থা/কোম্পানিতে প্রেরণ করতে হবে। সংস্থা/কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বাছাইকৃত প্রার্থীদের নিয়োগপত্র ইস্যু করবে।

১৩। মেধাক্রমের ভিত্তিতে পেট্রোবাংলা ও কোম্পানিসমূহের মোট শূন্য পদের বিপরীতে ১:২ অনুপাতে প্রতিটি ক্যাডারে ৯ম ও ১০ম গ্রেডের জন্য অপেক্ষমাণ প্যানেল প্রণয়ন করতে হবে। সুপারিশের তারিখ হতে ১ (এক) বৎসর বা পরবর্তী বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ যেটি আগে ঘটে সে পর্যন্ত কৃতকার্য প্রার্থীদের প্যানেল/অপেক্ষমাণ মেধা তালিকা সংরক্ষণ করতে হবে।



2৫

১৪। এক বছর মেয়াদের জন্য সংরক্ষিত প্যানেল হতে পরবর্তীতে শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান করা যাবে। পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহে নিয়োগপত্র ইস্যুকৃত প্রার্থীদের মধ্য হতে কেউ যোগদান না করলে বা যোগদানের পর ইস্তফা প্রদান করলে তার তালিকা প্রতি তিন মাস অন্তর অন্তর সংস্থা/কোম্পানি কেন্দ্রীয় সিলেকশন কমিটি-এর নিকট সরবরাহ করবে।

১৫। পেট্রোবাংলা ও কোম্পানিসমূহ হতে প্রাপ্ত প্রতিটি ক্যাডারের শূন্য পদ একত্রিত করে অপেক্ষমাণ প্যানেল হতে পুনরায় নিয়োগ দানের জন্য অনুচ্ছেদ-১২ এর আলোকে কমিটি প্রার্থী বাছাইপূর্বক নিয়োগের সুপারিশ করবে। উল্লেখ্য, কোন প্রার্থী মেধাতালিকায় উপরে থাকা সত্ত্বেও পছন্দক্রম শুধুমাত্র ১টি বা ২টি প্রতিষ্ঠান হওয়াতে এবং ঐ প্রার্থীর পছন্দক্রম প্রতিষ্ঠানে শূন্যপদ না থাকায় ১ম বাছাইয়ে প্রার্থী নির্বাচিত হবে না। তবে, ঐ প্রার্থীর পছন্দক্রম প্রতিষ্ঠানে পরবর্তীতে প্যানেল পিরিয়ডে পদ শূন্য হলে মেধারভিত্তিতে কমিটি ঐ প্রার্থীকে বাছাই করবে। উল্লেখ্য, কোন প্রার্থী কোন প্রতিষ্ঠানে নিয়োগ প্রাপ্ত হলে পরবর্তীতে অন্য প্রতিষ্ঠানে মাইগ্রেশনের কোন সুযোগ থাকবে না।

**১৬। নিয়োগ সংক্রান্ত যাবতীয় ব্যয় নির্বাহ:**

পেট্রোবাংলা ও আওতাধীন কোম্পানিসমূহের প্রশাসন/অর্থ/কারিগরি ক্যাডারে ৯ম ও ১০ম গ্রেডে প্রার্থী বাছাই চূড়ান্ত বাবদ মোট ব্যয় পেট্রোবাংলা ও কোম্পানির নিয়োগযোগ্য পদ সংখ্যার আনুপাতিক হারে প্রদেয় হবে।

**১৭। অসুবিধা দূরীকরণ:**

এই নীতিমালা প্রয়োগ করার ক্ষেত্রে কোনো অসুবিধা দেখা দিলে, পেট্রোবাংলা পরিচালনা পর্ষদ, এই নীতিমালার অন্যান্য বিধানাবলির সাথে সঙ্গতি রক্ষা করে, উক্ত বিধানের স্পষ্টীকরণ বা ব্যাখ্যা প্রদানপূর্বক উক্ত বিষয়ে করণীয় সম্পর্কে নির্দেশনা প্রদান করবে।

১৯/১২/২০২৩

জনেন্দ্র নাথ সরকার

চেয়ারম্যান

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)

## তপশিল-১

### (ক) প্রশাসন ক্যাডার:

| ক্রমিক নম্বর | পদের নাম ও গ্রেড | সর্বোচ্চ বয়সসীমা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | সহকারী ব্যবস্থাপক (প্রশাসন)<br>বেতনস্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)<br><br>শুধুমাত্র বিজিএফসিএল-এর ক্ষেত্রে<br>বেতনস্কেল: ২৩০০০-৫৫৪৭০/- (গ্রেড-৮) | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি;<br><br>অথবা<br><br>স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি পরীক্ষা পাশের পর ৪ (চার) বছর মেয়াদী যে কোনো বিষয়ে শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি।<br><br>(খ) কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ বা সমমানের সিজিপিএ থাকলে আবেদন বিবেচিত হবে না। |
| ২। | সহকারী ব্যবস্থাপক (পেশাগত বা বিশেষায়িত পদ)<br>বেতনস্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)<br><br>শুধুমাত্র বিজিএফসিএল-এর ক্ষেত্রে<br>বেতনস্কেল: ২৩০০০-৫৫৪৭০/- (গ্রেড-৮) | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি;<br><br>অথবা<br><br>স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি পরীক্ষা পাশের পর ৪ (চার) বছর মেয়াদী সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি;<br><br>(খ) কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ বা সমমানের সিজিপিএ থাকলে আবেদন বিবেচিত হবে না। |
| ৩। | সহকারী কর্মকর্তা (প্রশাসন)<br>বেতনস্কেল: ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০)<br><br>শুধুমাত্র বিজিএফসিএল-এর ক্ষেত্রে<br>বেতনস্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি;<br><br>অথবা<br><br>স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি পরীক্ষা পাশের পর ৪ (চার) বছর মেয়াদী যে কোনো বিষয়ে শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি;<br><br>অথবা<br><br>সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রশাসনিক পদে ন্যূনতম ১৩তম গ্রেডে ৩ (তিন) বছরের চাকুরির অভিজ্ঞতাসমেত স্নাতক ডিগ্রি।<br><br>(খ) কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ বা সমমানের সিজিপিএ থাকলে আবেদন বিবেচিত হবে না। |

### (খ) অর্থ ক্যাডার:

| ক্রমিক নম্বর | পদের নাম ও গ্রেড | সর্বোচ্চ বয়সসীমা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | সহকারী ব্যবস্থাপক (অর্থ)<br>বেতনস্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)<br><br>শুধুমাত্র বিজিএফসিএল-এর ক্ষেত্রে<br>বেতনস্কেল: ২৩০০০-৫৫৪৭০/- (গ্রেড-৮) | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | (ক) বাণিজ্যিক বিষয়ে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি;<br><br>অথবা<br><br>স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি পরীক্ষা পাশের পর বাণিজ্যিক বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রি।<br><br>(খ) কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ বা সমমানের সিজিপিএ থাকলে আবেদন বিবেচিত হবে না। |
| ২। | সহকারী কর্মকর্তা (অর্থ)<br>বেতনস্কেল: ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০)<br><br>শুধুমাত্র বিজিএফসিএল-এর ক্ষেত্রে<br>বেতনস্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | (ক) বাণিজ্যিক বিষয়ে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি;<br><br>অথবা<br><br>স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি পরীক্ষা পাশের পর বাণিজ্যিক বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রি;<br>অথবা<br><br>সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে অর্থ সংশ্লিষ্ট পদে ন্যূনতম ১৩তম গ্রেডে ৩ (তিন) বছরের চাকুরির অভিজ্ঞতাসমেত বাণিজ্যিক বিষয়ে স্নাতক ডিগ্রি।<br><br>(খ) কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ বা সমমানের সিজিপিএ থাকলে আবেদন বিবেচিত হবে না। |

### (গ) কারিগরি ক্যাডার:

| ক্রমিক নম্বর | পদের নাম ও গ্রেড | সর্বোচ্চ বয়সসীমা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | সহকারী ব্যবস্থাপক (প্রকৌশল)<br>বেতনস্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)<br><br>শুধুমাত্র বিজিএফসিএল-এর ক্ষেত্রে<br>বেতনস্কেল: ২৩০০০-৫৫৪৭০/- (গ্রেড-৮) | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি;<br><br>অথবা<br><br>সংশ্লিষ্ট বিষয়ে সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জনের পর সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫ বছরের অভিজ্ঞতা।<br><br>(খ) কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ বা সমমানের সিজিপিএ থাকলে আবেদন বিবেচিত হবে না। |

| ক্রমিক নম্বর | পদের নাম ও গ্রেড | সর্বোচ্চ বয়সসীমা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ২। | সহকারী ব্যবস্থাপক (কারিগরি)<br>বেতনস্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)<br><br>শুধুমাত্র বিজিএফসিএল-এর ক্ষেত্রে<br>বেতনস্কেল: ২৩০০০-৫৫৪৭০/- (গ্রেড-৮) | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি;<br>অথবা<br>স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি পরীক্ষা পাশের পর ৪ (চার) বছর মেয়াদী সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>সংশ্লিষ্ট বিষয়ে সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জনের পর সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫ বছরের অভিজ্ঞতা।<br>(খ) কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ বা সমমানের সিজিপিএ থাকলে আবেদন বিবেচিত হবে না। |
| ৩। | সহকারী ব্যবস্থাপক (চিকিৎসা)<br>বেতনস্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)<br><br>শুধুমাত্র বিজিএফসিএল-এর ক্ষেত্রে<br>বেতনস্কেল: ২৩০০০-৫৫৪৭০/- (গ্রেড-৮) | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | এমবিবিএস ডিগ্রি। |
| ৪। | উপ-সহকারী প্রকৌশলী<br>বেতনস্কেল: ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০)<br><br>শুধুমাত্র বিজিএফসিএল-এর ক্ষেত্রে<br>বেতনস্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | (ক) সংশ্লিষ্ট বিষয়ে সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।<br>(খ) কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ বা সমমানের সিজিপিএ থাকলে আবেদন বিবেচিত হবে না। |
| ৫। | সহকারী কর্মকর্তা (কারিগরি)/সহকারী কারিগরি কর্মকর্তা/সমমানের পদ<br>বেতনস্কেল: ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০)<br><br>শুধুমাত্র বিজিএফসিএল-এর ক্ষেত্রে<br>বেতনস্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি;<br>অথবা<br>স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি পরীক্ষা পাশের পর ৪ (চার) বছর মেয়াদী সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>সংশ্লিষ্ট বিষয়ে সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রি;<br>অথবা<br>সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কারিগরি পদে ন্যূনতম ১৩তম গ্রেডে ৩ (তিন) বছরের চাকুরির অভিজ্ঞতাসমেত সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রি।<br>(খ) কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ বা সমমানের সিজিপিএ থাকলে আবেদন বিবেচিত হবে না। |